

**জুন ২০২৩ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীঃ**


সভাপতি :	মোঃ মিনহাজুল ইসলাম অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) কুড়িগ্রাম।
সভার তারিখ :	১৮-০৬-২০২৩ খ্রি.
সভার সময় :	বেলা- ১২:২০ টা।
সভার স্থান :	অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), মহোদয়ের কক্ষ, কুড়িগ্রাম।
সভায় উপস্থিতি :	পরিশিষ্ট- “ক” (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। নিজ নিজ অধিক্ষেত্রে ইনোভেশন কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়নে সভাপতি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রামকে অনুরোধ করেন। অতঃপর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	<b>ইনোভেশন শোকেসিং সংক্রান্ত:</b> মে, ২০২৩ মাসে বিভাগীয় ইনোভেশন শোকেসিং-২০২৩ অনুষ্ঠিত হয়। আগামী বছর শোকেসিংয়ে উপস্থাপনযোগ্য ইনোভেটিভ আইডিয়া নিয়ে কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য সকল দপ্তর প্রধানের দৃষ্টি আকর্ষণ করা হয়।	আগামী শোকেসিংয়ে উপস্থাপনযোগ্য ইনোভেটিভ আইডিয়া নিয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা প্রধান (সকল), কুড়িগ্রাম
২।	<b>স্মার্ট কুড়িগ্রাম-২০৪১:</b> মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা বিষয়ে সভায় আলোচনা হয়। স্মার্ট কুড়িগ্রাম বিনির্মাণে এ জেলার সকল সরকারি-বেসরকারি দপ্তরকে সেবাপ্রদানে স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করার অনুরোধ জানানো হয়।	সকল দপ্তরের বিভিন্ন সভা সেমিনারে স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে আলোচনা করতে হবে এবং স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করতে হবে।	সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা প্রধান (সকল), কুড়িগ্রাম
৩।	<b>জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ</b> সভায় সহকারী কমিশনার(আইসিটি) জনানা জেলা/উপজেলা ওয়েব পোর্টালসমূহ মাইগ্রেশন হওয়ায় অনেক ত্রুটি পরিলক্ষিত হচ্ছে যা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সমাধানের চেষ্টা করা হচ্ছে। কোন দপ্তর/প্রতিষ্ঠান ওয়েব পোর্টাল হালনাগাদকরণে সমস্যাদৃষ্ট হলে জেলা পর্যায়ে প্রোগ্রামার ও উপজেলা পর্যায়ে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রামের সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়।	ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে।	১। সরকারি দপ্তর/সংস্থা প্রধান (সকল), কুড়িগ্রাম ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। ৩। সহকারী কমিশনার(আইসিটি) কুড়িগ্রাম। ৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম।

<p>৪।</p>	<p><b>উপজেলা ইনোভেশন টিমের সভা সম্পর্কে আলোচনাঃ</b>  উপজেলা ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়। উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভাকে আরও কার্যকর ও গতিশীল করার ব্যাপারে আলোচনা করা হয়। প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করে নতুন ইনোভেশন প্রস্তাব/ আইডিয়া গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি প্রতিটি উপজেলা হতে ইনোভেশন প্রস্তাব আহ্বান করেন। জেলা ইনোভেশন টিমের সভার এক সপ্তাহ পূর্বে উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠানপূর্বক উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড এবং পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করেন।</p>	<p>১। প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করে সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড এবং পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।  ২। উপজেলা থেকে ইনোভেশন প্রস্তাব প্রেরণ করতে হবে।</p>	<p>১) উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম  ২) সহকারী কমিশনার(আইসিটি) কুড়িগ্রাম</p>
-----------	--	--	---

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি এ জেলার বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনা গ্রহণের উদ্যোগ নেওয়ার অনুরোধ জানান। একইসাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে জনমুখী সেবাকে আরও গতিশীল করার সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মিনহাজুল ইসলাম  
(উপসচিব)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম

ও

সভাপতি

জেলা ইনোভেশন টিম।

ই-মেইলঃ [adcgkurigram@mopa.gov.com](mailto:adcgkurigram@mopa.gov.com)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
কুড়িগ্রাম  
আইসিটি শাখা  
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.০৩.০০৭.১৮.৮৩(৫)

তারিখঃ ১২ আষাঢ়, ১৪৩০  
২৬ জুন, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল), কুড়িগ্রাম (তঁাকে উপজেলাস্ব সকল  
দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।
- ৫। .....
- .....



রেদওয়ান ইসলাম

সহকারী কমিশনার (আইসিটি)

ফোনঃ ০২৫৮৯৯-৫০০৪০

ই-মেইলঃ acictkurigram@mopa.gov.bd